



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।




স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২১/৫৯/৮৭৯

তারিখঃ ০৩ ভাদ্র ১৪২৮
১৮ আগস্ট ২০২১

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন (সূত্র : ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২৭৬, তারিখ : ০৮/০৮/২০২১) এর প্রেক্ষিতে দেশের আর্থ সামাজিক অবস্থা, অর্থনৈতিক কর্মকান্ড সচল রাখা এবং সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক আগামী ২২/০৮/২০২১ তারিখ হতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম পরিচালনার স্বার্থে অত্র বিশ্ববিদ্যালয়ের অফিস সময়সূচী সকাল ০৯.০০ টা থেকে বিকাল ০৫.০০ টা পর্যন্ত হবে এবং দুপুর ০১.০০ টা থেকে ০২.০০ টা পর্যন্ত দুপুরের খাওয়া ও নামাযের জন্য বিরতি থাকবে। পরিবর্তিত সময়সূচী অনুসরণ করে বিশ্ববিদ্যালয়ের সকলকে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। তবে সরকার ঘোষিত নির্দেশনার আলোকে বিশ্ববিদ্যালয়ের হলসমূহ এবং সরাসরি ক্লাশসমূহ পরিচালনার কাজ যথারীতি বন্ধ থাকবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।



(মোঃ আবিদুর রউফ)
রেজিস্ট্রার

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২১/৫৯/৮৭৯(৫০)

তারিখঃ ০৩ ভাদ্র ১৪২৮
১৮ আগস্ট ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো। :

- ১। অনুসদ/বিভাগ/দপ্তর/হল প্রধান, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ২। উপ-পরিচালক, জনসংযোগ দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৪। পরিবহণ প্রশাসক, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৫। পিএস টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
- ৬। সকল নোটিশ বোর্ড।
- ৭। অফিস নথি।


(মোঃ মোরাদ হোসেন)
উপ-রেজিস্ট্রার